

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪০৯৮

আগরতলা, ৯ ফেব্রুয়ারি, ২০১৯

বিমানবন্দরে মহারাজা বীরবিক্রম কিশোর  
মাণিক্যের পূর্ণাবয়ব মূর্তির আবরণ উন্মোচন

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদি আজ আগরতলায় মহারাজা বীরবিক্রম বিমানবন্দর কমপ্লেক্সে মহারাজা বীরবিক্রম কিশোর মাণিক্য বাহাদুরের পূর্ণাবয়ব মূর্তির আবরণ উন্মোচন করেন। একদিনের সফরে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ ভারতীয় বিমানবাহিনীর বিশেষ বিমানে রাজ্যে আসেন। বিকেলে বিমানবন্দরে পৌঁছলে তাঁকে স্বাগত জানান রাজ্যপাল অধ্যাপক কাপ্তান সিং সোলাঙ্কি, মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব, উপমুখ্যমন্ত্রী যীষু দেববর্মা, মুখ্যসচিব এল কে গুপ্তা সহ রাজ্য সরকারের উচ্চপদস্থ আধিকারিকগণ। মহারাজা বীরবিক্রম কিশোর মাণিক্য বাহাদুরের পূর্ণাবয়ব মূর্তির আবরণ উন্মোচন করার পর প্রধানমন্ত্রী বিমানবন্দরে অপেক্ষমান জনসাধারণের উদ্দেশ্যে হাত নাড়িয়ে শুভেচ্ছা বিনিময় করেন।

এদিকে, আজ সন্ধ্যায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি রাজ্যত্যাগ করেন। বিমানবন্দরে তাঁকে বিদায় জানান রাজ্যপাল অধ্যাপক কাপ্তান সিং সোলাঙ্কি, মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব, উপমুখ্যমন্ত্রী যীষু দেববর্মা সহ উচ্চপদস্থ আধিকারিকগণ।

\*\*\*\*\*